# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 15.05.2024** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) পঞ্চম ও ষষ্ঠ দফার ভোটের প্রস্তুতি নিয়ে নির্বাচন কমিশন আজ এক বৈঠক করেছেন।

২) লোকসভা নির্বাচনে সপ্তম পর্যায়ের জন্য জমা পড়া মনোনয়ন পত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়েছে।

বাকি দফার জন্য জমে উঠেছে প্রচার।

৩) বসিরহাটের বিজেপি প্রার্থী, তাঁর বিরুদ্ধে পুলিশ কতগুলি মামলা করেোছেন তা জানতে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন।

৪) কলকাতা দক্ষিণ ও বসিরহাটের তৃণমূল কংগ্রেস প্রার্থীদের মনোনয়ন বাতিলের জন্য নির্বাচন কমিশনে আর্জি জানানো হয়েছে।

৫) উত্তর দিনাজপুরে মাটি মাফিয়াদের আটকাতে গিয়ে আক্রান্ত ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিক সহ চারজন।

---

পঞ্চম ও ষষ্ঠ দফার লোকসভা ভোটের প্রস্তুতি নিয়ে নির্বাচন কমিশন আজ এক বৈঠক করেন। মুখ্য নির্বাচনী কমিশনার রাজীব কুমার এবং দুই নির্বাচন কমিশনার

জ্ঞানেশ কুমার ও সুখবির সিং সান্ধু ঐ দু দফায় সাধারণ, পুলিশ ও ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষকদের সঙ্গে ভিডিও কনফারেন্সে বৈঠক করেন।

**পঞ্চম দফায় ৪৯ টি এবং ষষ্ঠ দফায় ৫৭ টি আসনে ভোট নেওয়া হবে।**

---------------------

লোকসভা নির্বাচনে সপ্তম পর্যায়ের জন্য জমা পড়া মনোনয়ন পত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়েছে। নাম প্রত্যাহারের শেষ দিন শুক্রবার ১৭ই মে। এই দফায় কলকাতা-উত্তর ও দক্ষিণ, যাদবপুর, দমদম, বসিরহাট, জয়নগর, মথুরাপুর এবং ডায়মন্ডহারবার এই ৯ টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে পয়লা জুন। ঐদিনই বরানগর বিধানসভা কেন্দ্রর উপনির্বাচনেও ভোট গ্রহণ।

এদিকে, রাজ্যে পঞ্চম দফায় আগামী সোমবার বিশে মে ভোটগ্রহণের জন্য জোরদার প্রস্তুতি চলেছে। এই পর্যায়ে বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেরিয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ এই সাতটি আসনে ভোট নেওয়া হবে। বনগাঁ কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

চতুর্থ দফা থেকে শিক্ষা নিয়ে পঞ্চম দফায় নিরাপত্তা আরও জোরদার করতে চলেছে নির্বাচন কমিশন। আমাগী বিশে মে-র ঐ ভোটে বুথের নিরাপত্তার দায়িত্বে থাকবে ৬১৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এরমধ্যে সবচেয়ে বেশি ১৭১ কোম্পানী থাকছে হুগলী গ্রামীণ এলাকায়। হাওড়া গ্রামীণে থাকবে ১১০ কোম্পানী। পাশাপাশি ২৫ হাজারেরও বেশি রাজ্য পুলিশ মোতায়েন থাকছে।

---------------------

রাজ্যে বাকি তিন দফা ভোটর জন্য নির্বাচনী প্রচার জমে উঠেছে।

প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, কেন্দ্রের বিজেপি সরকার প্রত্যেকের শরণার্থীকে ভারতের নাগরিকত্ব দিতে বদ্ধপরিকর উল্লেখ করে শ্রী শাহ অভিযোগ করেন, কিন্তু তৃণমূল কংগ্রেস সরকার রাজ্যে সিএএ বলবত্ করতে চায়না। চায় শুধুমাত্র অনুপ্রবেশকারীদের সুবিধা করে দিতে। তিনি আজ হুগলীর শ্রীরামপুর লোকসভা কেন্দ্রের মশাট বাজারে জনসভা থেকে রাজ্যের তৃনমূল কংগ্রেস সরকারের কড়া সমালোচনা করেন। রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা হওয়া সত্ত্বেও তাঁর চোখের সামনেই সন্দেশখালিতে মহিলাদের ওপর যে অত্যাচার হয়েছে, তা অবর্ণনীয়।

বাইট অমিত

এদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সন্দেশখালি নিয়ে অমিত শাহের দাবি খারিজ করে দিয়েছেন। তিনি আজ হুগলীতে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় কেন্দ্রের বিজেপি সরকারের তীব্র সমালোচনা করে বলেন নির্বাচনে হার নিশ্চিত বুঝতে পেরে বিজেপি, সাম্প্রদায়িক রাজনীতির পথে নেমেছে। দিল্লিতে আইএনডিআইএ জোট, সরকার গঠনের জায়গায় এলে তাঁর দল বাইরে থেকে সেই সরকারকে সমর্থন করবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

বাইট মমতা

তৃণমূল কংগ্রেস প্রধান আজ হাওড়ায় দলীয় প্রার্থীর সমর্থনে ইছাপুর জলের ট্যাঙ্ক থেকে পিলখানা মোড় পর্যন্ত এক পদযাত্রাও করেন।

অন্যদিকে, বিজেপির সর্বভারতীয় সভাপতি জগত প্রকাশ নাড্ডা দাবি করেছেন, নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশ মজবুত সরকার চাইলেও মমতা ব্যানার্জি চান কেন্দ্রে দুর্বল সরকার থাকুক। তিনি আজ পুরুলিয়ার রঘুনাথপুরের সাতুড়ি এবং বাঁকুড়ার

গঙ্গাজলঘাটিতে দুটি জনসভায় ভাষণ দেন। তৃনমূল কংগ্রেস সরকারের মা মাটি মানুষ প্রতীকের সমালোচনা করে শ্রী নাড্ডা বলেন, মায়ের কি অবস্থা সন্দেশখালি তা দেখেছে।

অন্যদিকে মাটিতে মাফিয়া রাজ আর তোলা না দিলে মানুষের কোনো কাজ হয়না বলে তাঁর দাবি। কেন্দ্রের বিভিন্ন সাফল্যের খতিয়ান তুলে ধরে শ্রী নাড্ডা দাবি করেন, রাজ্য সরকার কেন্দ্রের প্রকল্পগুলি নিজেদের নামে চালাচ্ছে।

বাইট নাড্ডা

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি পাল্টা দাবি করেছেন, বিজেপি বাংলার কৃষ্টি সংস্কৃতি জানেনা। তিনি আজ ব্যারাকপুরে দলীয় প্রার্থীর সমর্থনে বরপোল থোকো মসজিদ মোড় পর্যন্ত এক রোড শো-এ যোগ দেন।

বাইট অভিষেক

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ সাগরের হরিণবাড়িতে এক সভায় বলেন, রাজ্যে লক্ষ্মীর ভান্ডার বন্ধ হবে না। বিজেপি ক্ষমতায় এলে অন্নপূর্ণা ভান্ডার প্রকল্পে এই টাকা বাড়িয়ে তিন হাজার করা হবে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ কাঁথি আসনে দলীয় প্রার্থীর সমর্থনে পদযাত্রায় অংশ নেন।

রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম নির্বাচনী প্রচারে কলকাতা দক্ষিণ লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে রোড শোয়ে অংশ নেন।

অভিনেতা দীপক অধিকারী, দেব পুরুলিয়া লোকসভা ও উলুবেরিয়া লোকসভা কেন্দ্রের দলের প্রার্থীদের সমর্থনে দুটি রোড শো করেন।

---------------------

উত্তর ২৪ পরগণার বসিরহাটে  তৃণমূল কংগ্রেস প্রার্থী শেখ/হাজি নুরুল ইসলামের মনোনয়ন পত্র বাতিলের জন্য নির্বাচন কমিশনের কাছে আর্জি জানানো হয়েছে। এক নির্দল প্রার্থী ঐ আবোদন জানিয়ে বলেছেন, নুরুল ইসলাম মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় প্রয়োজীনয় নো ডিউ সার্টিফিকেট জমা দেননি। একই কারণে বীরভূমের বিজেপি প্রার্থী দেবাশিস ধরের মনোনয়ন নির্বাচন কমিশন খারিজ করে দেয়।

এদিকে, কলকাতা দক্ষিণের তৃনমূল কংগ্রেস প্রার্থী মালা রায়ের মনোনয়ন বাতিলের দাবি জানিয়েছএ বিজেপি। দলের সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় আজ সাংবাদিক সম্মেলনে বলেন, মালা রায় সাংসদ পদে থাকাকালীন কলকাতা পুরসভার চেয়ারম্যান পদেও থেকে অফিস অফ প্রফিটের বিধি লঙ্ঘণ করেন। মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন পর্যন্ত প্রার্থী পদের প্রয়োজনীয় নথিপত্র তাঁরা জমা দেননি বলেও জগন্নাথ বাবুর দাবি।

---------------------

মুর্শিদাবাদের বহরমপুরের ভরতপুর বিধানসভা কেন্দ্রের ৮ টি বুথে পুনর্নির্বাচনের দাবি জানিয়ে কংগ্রেস রাজ্যর মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, ১৩ই মে ঐ কেন্দ্রে ভোটর দিন সালারের কুলুরির দুটি, শেখপাড়ার তিনটি, দোহাপাড়ার দুটি ও কাজিপাড়ার একটি বুথে রিগিং, ছাপ্পা ভোট ও বুথ দখলের মত ঘটনা ঘটে। কমিশনকে আগেই সেই ব্যাপারে অবগত করা হয়। কিন্তু তারপরেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি বলে তাদের দাবি। সেই কারণেই পুনর্নির্বাচনের এই আর্জি বলে অধীরবাবু ঐ চিঠিতে উল্লেখ করেছেন।

---------------------

বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র, তাঁর বিরুদ্ধে পুলিশ কতগুলো মামলা করেছে, তা জানতে কলকাতা হাইকোর্টে মামলা করেছেন। সেই সঙ্গে আদালতের কাছে রক্ষাকবচের আর্জি জানিয়েছেন তিনি। সন্দেশখালির স্টিং অপারেশনের  ভিডিও সামনে আসার পর স্থানীয় বিজেপি নেতা গঙ্গাধর কয়াল এবং রেখার বিরুদ্ধে অভিযোগ দায়ের হয় থানায়। পুলিশ সেই নিয়ে তদন্তও শুরু করেছে। পুলিশ যাতে কোন কড়া ব্যবস্থা না নেয় তার জন্য আদালতের কাছে রক্ষাকবচের আবেদন জানিয়েছেন বিজেপি প্রার্থী। নিরাপত্তার আবেদনও জানিয়েছেন তিনি।

অন্যদিকে সন্দেশখালির বিজেপি নেত্রী পিয়ালী দাস নিজের গ্রেফতারির বিরুদ্ধে হাইকোর্টে বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে মামলা করেছেন। গতকাল বসিরহাট আদালতে আগাম জামিন চাইতে গেছিলেন পিয়ালী। আদালত তাঁকে ৭ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। ওই নির্দেশের বিরুদ্ধেই হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন তিনি।

---------------------

তৃণমূল কংগ্রেস ও বিজেপি দুদলেরই প্রতিবাদ বিক্ষোভের জেরে উত্তর ২৪ পরগণার সন্দেশখালি আজ আবারও উত্তপ্ত। সিংপাড়া এলাকায় তৃণমূল কংগ্রেস বিধায়ক সুকুমার মাহাতোকে বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা হেনস্থা ও মারধরের প্রতিবাদে দলের মেতা কর্মীরা আজ ধিক্কার মিছিল বের করেন। ত্রিমোহনী বাজার থেকে এই মিছিলে সুকুমার বাবু ছাড়াও পঞ্চায়েত সমিতির কর্মাধক্ষ দিলীপ মল্লিক এবং দলের নেতা কর্মী সমর্থকেরা অংশ গ্রহণ করেন।

এদিকে, পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগে বিজেপি নেতা কর্মীরাও পাল্টা বিক্ষোভে সামিল হয়েছেন। দলের নেত্রী আইনজীবী, প্রিয়াঙ্কা টিব্রিবিরিয়াল আজ সন্দেশখালিতে গিয়ে গ্রামবাসীদের অভাব অভিযোগ শোনেন। তাঁর দাবি, পুলিশ রাতের অন্ধকারে বেছে বেজে

বিজেপি কর্মী সমর্থকদের বাড়ি গিয়ে তাদের হেনস্থা করছে। পুলিশের নিষ্ক্রিয়তার কারণেই শেখ শাহজাহানের ভাইকে এখনও খুঁজে পাওয়া যায়নি। মমতা ব্যানার্জী এখনও কেন সন্দেশখালি আসেননি, এই প্রশ্নও তুলেছেন প্রিয়াঙ্কা।

বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রও আজ সন্দেশখালিতে যান। তিনিও মিথ্যা মামলায় বিজেপি কর্মী সমর্থকদের ফাঁসানোর অভিযোগ তোলেন।

এদিকে কেন্দ্রীয় বাহিনী সন্দেশখালির হাটগাছি গ্রাম পঞ্চায়েতে রুটমার্চ শুরু করেছে। গ্রামবাসীদের সঙ্গেও তারা কথা বলছেন। রুটমার্চ চলেছে ত্রিমোহনী, পাত্রপাড়া, তেলেপাড়া এলাকাতেও।

---------------------

মাটি মাফিয়াদের আটকাতে উত্তর দিনাজপুরের নাগর নদী সংলগ্ন এলাকায় অভিযান চালাতে গিয়ে আক্রান্ত হয়েছেন ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিক সহ চারজন। ভাঙচুর করা হয় তাঁদের গাড়িও। বেশ কিছুদিন ধরে নাগর নদীর বুক থেকে জেসিবি দিয়ে বালি-মাটি তুলে পাচার করা হচ্ছিলো বলে অভিযোগ। জেলা প্রশাসনের তরফে নজরদারি বাড়ানোর নির্দেশের পর আজ করণদিঘির খোয়াশপুরে ঐ এলাকায় যান BLRO গৌড় সরেন। এরপর একদল দুষ্কৃতি তাঁকে ঘিরে ধরে কাঠের বাটাম দিয়ে মারধোর করে বলে অভিযোগ। মাথা ফাটে তাঁর। আক্রান্ত হন তাঁর সঙ্গে থাকা গ্রুপ ডি কর্মী সচ্চিদানন্দ ঠাকুর, আমিন বিপুল বসাক এবং গাড়ির চালক সুমিত সাদা। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় বিশাল পুলিশ বাহিনী। আহতদের উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

--------------------- ---------------------